দৈনিক খবর

047

তারিখ 17 AUG 1988
পৃষ্ঠা ... কলাম 3

# উচ্চ শিক্ষা অর্জনে ইংরেজী ভাষা ছাত্রদের সহায়ক হবে ঃ এরশাদ

রংপুর, ১৬ই আগস্ট (বাসস)।— রাষ্ট্রপতি এরশাদ দেশে উন্নয়ন কর্মকাণ্ডে ফলপ্রসূ অবদান রাখতে নিজেদেরকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জ্ঞানার্জনে নিবেদিত প্রাণ হওয়ার জন্য ছাত্রদের পরামর্শ দিয়েছেন।

কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের মিলনায়তনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে কলেজ চত্বরে ছাত্রদের এক বিশাল সমাবেশে ভাষণ দানকালে রাষ্ট্রপতি বলেন, শিক্ষাজীবন শেষ করে জাতির জন্য কাজ করার সুযোগ পাওয়ার চেয়ে আর কোন বড় পুরস্কার থাকতে পারে না।

সকল পর্যায়ে বাংলা ব্যবহার নিশ্চিত করতে তার সরকারের গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ইংরেজী আন্তর্জাতিক ভাষা হওয়াতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ইংরেজী অধ্যয়নের বিষয়টিও সকলের ভেবে দেখার সময় এসেছে। তা ছাত্রদের উন্নততর উচ্চ শিক্ষায় সহায়ক হবে বলে তিনি উল্লেখ করেন।

# উচ্চ শিক্ষা অর্জনে ইংরেজী ভাষা

*প্রথম পৃষ্ঠার পর*

তিনি বলেন, সরকার এ সিদ্ধান্ত চাপিয়ে দিতে চান না। তবে, এগুলো বাস্তবায়নের আগে সেমিনার ও আলোচনা সভার মাধ্যমে জনমত নেয়া হবে।

অনুষ্ঠানে পাটমন্ত্রী এ কে এম মাঈদুল ইসলাম ও কলেজের অধ্যক্ষ ডঃ আবদুল জব্বার মিয়াও বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি কলেজ প্রাঙ্গণে এসে পৌঁছলে ছাত্ররা তাঁকে প্রাণঢালা সম্বর্ধনা জানায়। রাষ্ট্রপতি এরশাদ ১৯৪৬ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত এ কলেজের ছাত্র ছিলেন।

তিনি বলেন, দেশের চাহিদার সাথে তাল রেখে বর্তমান শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানোর কথা তাঁর সরকার চিন্তা-ভাবনা করছেন।